রমজানে নিত্য পণ্যের বাজার মনিটরিং করলেন জামালপুরের জেলা প্রশাসক ও পুলিশ সুপার

মোঃ রুহুল আমিন রাজু- জামালপুর জেলা প্রশাসন এর উদ্যোগে পবিত্র মাহে রমজানে বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্য স্বাভাবিক রাখার লক্ষ্যে সরেজমিনে বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হয়েছে।
গত সোমবার (১০ মার্চ) বেলা ১৩:১৫ ঘটিকায় জামালপুর পৌর শহরস্থ গেইটপাড় শফিমিয়ার বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের বাজার সরেজমিনে পরিদর্শন করেন জামালপুরপুর জেলার জেলা প্রশাসক হাছিনা বেগম ও সুযোগ্য সাংবাদিক বান্ধব মানবিক ভূষিত পুলিশ সুপার সৈয়দ রফিকুল ইসলাম পিপিএম-সেবা মহোদয়।
পরিদর্শনকালে বিভিন্ন পাইকারি ও খুচরা দোকান পরিদর্শনসহ চলমান বাজার দর পর্যবেক্ষণ করে ক্রেতা-বিক্রেতাদের সাথে মতবিনিময় করেন। এ সময় দোকানে ভোক্তাদের নিকট থেকে ক্রয় রশিদ ও দর্শনীয়স্থানে মূল্য তালিকা টানানো যাচাইসহ দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখা, সরকার নির্ধারিত মূল্যে নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রয় এবং সরকার নির্ধারিত বাজারমূল্যের চেয়ে বেশি নিলে বা প্রমাণিত হলে তার বিরুদ্ধে প্রচলিত আইনে ব্যবস্থা নেওয়ার উপর সতর্ক করেন।
এ সময় জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ, জেলা পুলিশের বিভিন্ন পর্যায়ের অফিসার ও ফোর্সের সদস্য এবং জামালপুর এর বিভিন্ন গণমাধ্যমকর্মী।